BREAKING NEWS LIVE

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF) তৈরি: 19 Nov 2026, 04:38 PM

জাতীয়

শ্রমিক বিক্ষোভে আশুলিয়ার ১৩ কারখানায় সাধারণ ছুটি

প্রতিবেদক: ঢাকা প্রোব ডেস্ক
প্রকাশের তারিখ: শনিবার, ৩১ অক্টোবর ২০২৬, ০৬:৫৭ PM



ন্যূনতম মজুরি ৩০ হাজার টাকা নির্ধারণ, ব্ল্যাকলিস্টিং বন্ধসহ বিভিন্ন দাবিতে রাজধানীর মিরপুর ও আশুলিয়ায় বিক্ষোভ করেছেন তৈরি পোশাক কারখানার শ্রমিকেরা। শ্রমিক অসন্তোষের মুখে আশুলিয়ার অন্তত ১৩টি কারখানায় সাধারণ ছুটি ঘোষণা করেছে কর্তৃপক্ষ। এদিকে মিরপুরের কয়েকটি এলাকায় সড়ক অবরোধ করেন শ্রমিকেরা। এতে যান চলাচল ব্যাহত হয়।

শনিবার (৩১ অক্টোবর) সকাল থেকে মিরপুর ও আশুলিয়ার বিভিন্ন পোশাক কারখানায় শ্রমিকেরা বিক্ষোভ শুরু করেন।

শিল্প পুলিশ ও শ্রমিকদের সঙ্গে কথা বলে জানা যায়, সকাল আটটার পর আশুলিয়ার কাঠগড়া বাজার, আমতলা, নয়াপাড়া ও আশপাশের এলাকার বিভিন্ন পোশাক কারখানায় শ্রমিক অসন্তোষ ছড়িয়ে পড়ে। সকালে নাঈম নিটওয়্যারের শ্রমিকেরা প্রথমে কারখানার ভেতরে কর্মবিরতি শুরু করেন। পরে তারা কারখানা থেকে বেরিয়ে সড়কে বিক্ষোভ করেন।

একপর্যায়ে বিক্ষুব্ধ শ্রমিকেরা আশপাশের কয়েকটি কারখানা লক্ষ্য করে ইটপাটকেল নিক্ষেপ করেন। এতে কন্টিনেন্টাল গার্মেন্টস, এআর জিন্স ও সিডব্লিউএসহ কয়েকটি কারখানায় ভাঙচুরের ঘটনা ঘটে। পরিস্থিতি উত্তপ্ত হয়ে উঠলে কর্তৃপক্ষ কারখানাগুলোতে সাধারণ ছুটি ঘোষণা করে।

শিল্প পুলিশ সূত্রে জানা যায়, ছুটি ঘোষণা করা কারখানাগুলোর মধ্যে রয়েছে মিলিনিয়াম টেক্সটাইল লিমিটেড, হেসং কোরিয়া লিমিটেড, কন্টিনেন্টাল গার্মেন্টস লিমিটেড, টেক্সটাউন গ্রুপ, আফিয়া নিটওয়্যার লিমিটেড, নাঈম নিটওয়্যার লিমিটেড, জিহান গার্মেন্টস ইন্ডাস্ট্রিজ লিমিটেড, লেদারেক্স ফুটওয়্যার লিমিটেড, এভারব্রাইট সোয়েটার লিমিটেড, গ্রিন লাইফ নীটেক্স লিমিটেড ও পিকার্ড বাংলাদেশ লিমিটেডসহ অন্যান্য কারখানা।

আশুলিয়া শিল্প পুলিশ-১-এর পুলিশ সুপার মোহাম্মদ মোমিনুল ইসলাম ভূঁইয়া জানান, শ্রমিক অসন্তোষের কারণে এ পর্যন্ত ১৩টি পোশাক কারখানায় সাধারণ ছুটি ঘোষণা করা হয়েছে। পরিস্থিতির ওপর নির্ভর করে এ সংখ্যা আরও বাড়তে পারে। শ্রমিকদের ছোড়া ইটপাটকেলের আঘাতে পুলিশের একজন সদস্য আহত হয়েছেন। তাকে হাসপাতালে চিকিৎসা দেওয়া হচ্ছে।

তিনি জানান, পরিস্থিতি নিয়ন্ত্রণে পুলিশ কাজ করছে।

এদিকে সকাল পৌনে ১১টা থেকে মিরপুরের কয়েকটি স্থানে সড়ক অবরোধ করেন পোশাকশ্রমিকেরা। এতে ওই সব সড়কে যান চলাচল বন্ধ হয়ে যায়। দুপুর আড়াইটার দিকে শ্রমিকেরা মিরপুর-১০ গোলচত্বর এলাকা ছেড়ে যান। এরপর প্রায় চার ঘণ্টা পর ওই এলাকায় যান চলাচল স্বাভাবিক হয়। তবে বিকেল তিনটার দিকেও মিরপুর সাড়ে ১১ ও কালশী রোডে শ্রমিকদের সড়ক অবরোধ চলছিল।

পল্লবী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. জালাল উদ্দিন জানান, সকাল পৌনে ১১টা থেকে মিরপুরের কয়েকটি স্থানে শ্রমিকেরা সড়ক অবরোধ করেন। তাদের বিক্ষোভ শান্তিপূর্ণ ছিল। পুলিশের সঙ্গে কোনো সংঘর্ষ বা অপ্রীতিকর ঘটনা ঘটেনি।

ঢাকা মহানগর পুলিশের (ডিএমপি) মিরপুর ট্রাফিক বিভাগ তাদের ফেসবুক পেজে দেওয়া এক পোস্টে জানায়, পোশাকশ্রমিকদের বিক্ষোভের কারণে মিরপুর-১০, মিরপুর-১১, মিরপুর-১২ এবং প্রশিকা মোড় এলাকায় যান চলাচল ব্যাহত হয়।

এর আগে একই দাবিতে গত বৃহস্পতিবারও মিরপুরের কয়েকটি এলাকায় সড়ক অবরোধ করেছিলেন পোশাকশ্রমিকেরা। তারও আগে একই দাবিতে উত্তরায় টানা কয়েক দিন সড়ক অবরোধ করেন তারা। ওই সময় পুলিশের সঙ্গে আন্দোলনকারীদের সংঘর্ষের ঘটনা ঘটে।

এ বিভাগের আরও খবর



সাজেকে আবারও গোলাগুলি

দেশে অন্যতম পর্যটন স্থান রাঙামাটির সাজেকে আবারও গোলাগুলির ঘটনা ঘটেছে। শনিবার (৩১ অক্টোবর) দুপুর ১টার দিকে সাজেকের কলাবুনিয়া এলাকায় দুর্গম প...



বেতন-ভাতা বৃদ্ধির দাবিতে ফের মহাসড়ক অবরোধ, ৭ কিলোমিটারজুড়ে যানজট

বেতন-ভাতা বৃদ্ধির দাবিতে দ্বিতীয়বারের মতো ঢাকা-টাঙ্গাইল মহাসড়ক অবরোধ করেছেন গাজীপুরের কালিয়াকৈরের কয়েকটি পোশাক কারখানার শ্রমিকরা। এতে মহাসড়ক...



এইচএসসিতে নির্মোহ মূল্যায়ন, অকৃতকার্যদের পুনঃপরীক্ষা এক মাসের মধ্যে: মাহদী আমিন

২০২৬ সালের উচ্চমাধ্যমিক ও সমমান পরীক্ষায় এক বা দুই বিষয়ে অকৃতকার্য শিক্ষার্থীদের জন্য এক মাসের মধ্যে পুনঃপরীক্ষার আয়োজনের উদ্যোগ নেওয়া হচ্ছে...



রিয়াদে আগুনে নিহত বাকি ৭ বাংলাদেশির মরদেহ দেশে ফিরেছে

সৌদি আরবের রাজধানী রিয়াদে সোফা তৈরির কারখানায় ভয়াবহ আগুনে নিহত ১৬ বাংলাদেশির মধ্যে বাকি সাতজনের মরদেহ দেশে পৌঁছেছে। শনিবার (৩১ অক্টোবর) সকাল...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://www.seradealbd.com/national/shrmik-bikshobhe-ashuliyar-13-karkhanay-sadharn-chhuti